পল্লবীতে শ্রমিক-পুলিশ সংঘর্ষ, টিয়ারশেল-সাউন্ড গ্রেনেড নিক্ষেপ



ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুরের পল্লবীতে পোশাকশ্রমিকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়েছে। বুধবার (১৮ নভেম্বর) পল্লবী মেট্রোরেল স্টেশনের নিচে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, আন্দোলনরত শ্রমিকেরা পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল ছুড়তে থাকেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। এ সময় শ্রমিকদের ছত্রভঙ্গ করতে ধাওয়া দেয় পুলিশ।

পুলিশের ধাওয়ায় শ্রমিকেরা আশপাশের বিভিন্ন গলিতে আশ্রয় নেন। কিছুক্ষণ পরপর তাঁরা আবার সড়কে জড়ো হয়ে সংঘর্ষে জড়ান। সর্বশেষ খবর পাওয়া পর্যন্ত এলাকায় দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া ও সংঘর্ষ চলছিল।

বিস্তারিত আসছে...

LENS ASIA